

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০২.১৮.০১৮.২০১১-৭২৬


তারিখঃ ০৮/০৬/২০১৭

বিষয় : কুমিল্লা জেলার বরুড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা এর স্মারক নং-৫৬৫ ; তারিখ : ১৭/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, রাজস্ব তহবিলের অর্থায়নে বরুড়া উপজেলা নির্বাহী অফিসারের গ্যারেজ মেরামত, সম্মুখ রাস্তা নির্মাণ ও অভ্যন্তরীণ ড্রেন নির্মাণ কাজ ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) টাকা প্রাক্কলিত মূল্যে বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো। একই সাথে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে বাসাবাড়ি মেরামতে কত অর্থ ব্যয় করা হয়েছে তা উল্লেখসহ বাসাবাড়ি মেরামতের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টার মেরামত ও বাউন্ডারী ওয়ালের উপর কাঁটা তারের বেড়া নির্মাণ প্রকল্প প্রস্তাবসমূহ বিবেচিত হয়নি।

  
(লুৎফুন নাহার) ১৩/০৬/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার  
বরুড়া, কুমিল্লা।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা।
২. ভাইস-চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।